# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

ঢাকা বিশ্ববিদ্যালয়

৩৩ বর্ষ ৪র্থ সংখ্যা | ওয়েবসাইট : http://www.du.ac.bd (DU Barta) | ১৬ ফাল্গুন ১৪২৫, ২৮ ফেব্রুয়ারি ২০১৯



মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গত ২১শে ফেব্রুয়ারি ২০১৯ একুশের প্রথম প্রহরে কেন্দ্রীয় শহীদ মিনারের বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন রাষ্ট্রপতি মো. আব্দুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা ।

## শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপনে সকলের সহযোগিতার জন্য উপাচার্যের কৃতজ্ঞতা জ্ঞাপন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৯ যথাযোগ্য মর্যাদার সাথে ভাবগম্ভীর পরিবেশে শান্তিপূর্ণ ও সুশৃঙ্খলভাবে পালনের জন্য সর্বস্তরের জনসাধারণকে ধন্যবাদ জানিয়েছেন।

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপনে বিশ্ববিদ্যালয় একুশে উদ্‌যাপন কেন্দ্রীয় সমন্বয় কমিটি কর্তৃক গৃহীত সব কর্মসূচির সফল বাস্তবায়নে ছাত্র, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীসহ ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের সকল সদস্য, ঢাকা মেট্রোপলিটন পুলিশ ও র‌্যাবসহ অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ এবং গণমাধ্যমসহ সকলের সর্বাত্মক সহযোগিতার জন্য উপাচার্য কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন।



মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গত ২১শে ফেব্রুয়ারি ২০১৯ কেন্দ্রীয় শহীদ মিনারে প্রধামমন্ত্রী শেখ হাসিনাকে স্বাগত জানান ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

## যথাযোগ্য মর্যাদায় অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত



মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গত ২১শে ফেব্রুয়ারি ২০১৯ একুশের প্রথম প্রহরে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-এর নেতৃত্বে কেন্দ্রীয় শহীদ মিনারের বেদীতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত ২১ ফেব্রুয়ারি ২০১৯ মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পালিত হয়েছে।

একুশের প্রথম প্রহরে ভাষাশহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করতে আসা অতিথিদের স্বাগত জানান ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। সর্বপ্রথম শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এরপর শ্রদ্ধা নিবেদন করেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীসহ অন্যান্যরা। বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-এর নেতৃত্বে সিনেট, সিন্ডিকেট সদস্যসহ বিশ্ববিদ্যালয় পরিবারের বিভিন্ন প্রতিনিধিবৃন্দ, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতিসহ অন্যান্য সমিতি এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল থেকে প্রভোস্টের নেতৃত্বে ছাত্র-ছাত্রী শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন।

বিশ্ববিদ্যালয়ের কর্মসূচীর অংশ হিসেবে ২১ ফেব্রুয়ারি সকাল ৬টা ৩০মিনিটে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক, অফিসার ও কর্মচারীবৃন্দের একটি প্রভাতফেরি অপরাজেয় বাংলার পাদদেশ থেকে শুরু হয়ে আজিমপুর কবরস্থানে ভাষা শহীদদের কবরে শ্রদ্ধা জ্ঞাপন করে। সেখানে ভাষা শহীদদের রুহের মাগফেরাত কামনা করে ফাতেহা পাঠ করা হয়। পরে প্রভাতফেরি সহকারে কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। বাদ জোহর বিশ্ববিদ্যালয় মসজিদুল জামিয়া, সকল হলের মসজিদ এবং বিশ্ববিদ্যালয় আবাসিক এলাকার মসজিদসহ অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে ভাষা শহীদদের রুহের মাগফেরাত/শান্তি কামনা করে বিশেষ মোনাজাত/প্রার্থনা অনুষ্ঠিত হয়।

এছাড়া, দিবসটি উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের উদ্যোগে ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিভাগীয় চেয়ারপার্সন টুম্পা সমদ্দার।

উল্লেখ্য, প্রতি বছরের মতো এ বছরও যথাযোগ্য মর্যাদার সাথে দিবসটি পালনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের উদ্দেশ্যে একটি শক্তিশালী 'অমর একুশে উদ্‌যাপন কেন্দ্রীয় সমন্বয় কমিটি' এবং বিভিন্ন সাব-কমিটি গঠন করা হয়।



মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গত ২১শে ফেব্রুয়ারি ২০১৯ একুশের প্রথম প্রহরে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলামসহ সমিতির নেতৃবৃন্দ কেন্দ্রীয় শহীদ মিনারের বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন।

## ঢাবি ক্যাম্পাসে বর্ণাঢ্য বসন্ত উৎসব উদ্‌যাপন

ঢাকা বিশ্ববিদ্যালয় নৃত্যকলা বিভাগ এবং ইএমকে (এডওয়ার্ড মুর কেনেডি) সেন্টারের যৌথ উদ্যোগে কলা ভবন প্রাঙ্গনস্থ ঐতিহাসিক বটতলায় উদ্‌যাপন করা হয়েছে বসন্ত উৎসব। গত ১৪ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ অধ্যাপক ড. নাসরীন আহমাদ এবং প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এছাড়া, অন্যান্যের মধ্যে নৃত্যকলা বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক রেজওয়ানা চৌধুরী এবং সংগীত বিভাগের চেয়ারপার্সন মিসেস টুম্পা সমদ্দার, ইএমকে সেন্টারের পরিচালক নাভিদ আকবর



উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) এবং সাবেক পরিচালক এম কে আরিফ উপস্থিত ছিলেন। সংগীত বিভাগ ও নৃত্যকলা বিভাগের শিক্ষার্থীদের সংগীত ও নৃত্য পরিবেশনা উৎসবকে প্রাণবন্ত করে তুলে। এছাড়াও সংগীত পরিবেশন করেন কাঙালিনী সুফিয়া, বাউল শফি মন্ডল ও সুরের ধারার শিল্পীরা।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এডওয়ার্ড মুর কেনেডির স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, এই অকৃত্রিম বন্ধুর কথা বাঙালি জাতি কোনদিন ভুলবে না। বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যকার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক দিনদিন আরও সুদৃঢ় হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

অতিথিবৃন্দ তাঁদের বক্তব্যে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে তৎকালীন মার্কিন সিনেটর এডওয়ার্ড মুর কেনেডির ভূমিকা স্মরণ করেন এবং তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। মার্কিন রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার ১৯৫২ সালের ভাষা আন্দোলন এবং ১৯৭১-এর মহান মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, বিভিন্ন আন্দোলন, সংগ্রাম ও বাংলাদেশ রাষ্ট্র জন্মের ইতিহাসের সাথে জড়িয়ে আছে ঢাকা বিশ্ববিদ্যালয় কলাভবনের এই ঐতিহাসিক বটতলা। মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি হানাদার বাহিনী এই বটগাছটি ধ্বংস করে দেয়। ১৯৭২ সালে এডওয়ার্ড মুর কেনেডি বাংলাদেশ সফরে আসেন এবং ১৪ ফেব্রুয়ারি একই স্থানে বন্ধুত্ব ও আশার প্রতীক হিসেবে তিনি বর্তমান বটগাছটি রোপন করেন।

## ১৬জন গবেষকের পিএইচ.ডি. এবং ২২জনের এম.ফিল. ডিগ্রি লাভ

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সম্প্রতি ১৬জন গবেষক পিএইচ.ডি. এবং ২২জন গবেষক এম.ফিল. ডিগ্রি লাভ করেছেন। গত ২৯ জানুয়ারি ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় তাদের এই ডিগ্রি প্রদান করা হয়।

পিএইচ.ডি. ডিগ্রী প্রাপ্তরা হলেন: বাংলা বিভাগের অধীনে শাহিনা আকতার, মোমেনুর রসুল, ইংরেজী বিভাগের অধীনে মো. এলহাম হোসেন, ইতিহাস বিভাগের অধীনে আনন্দ বিকাশ চাকমা, দর্শন বিভাগের অধীনে এনামুল হক, ভাষাবিজ্ঞান বিভাগের অধীনে মুহাম্মদ আসাদুজ্জামান, সংগীত বিভাগের অধীনে আকলিমা ইসলাম কুহেলী, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধীনে মো. রুহুল আমিন সরকার, নৃবিজ্ঞান বিভাগের অধীনে নাজিয়া মাহমুদ, আইন বিভাগের (২য় পৃষ্ঠায় দেখুন)



মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গত ২১শে ফেব্রুয়ারি ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-এর নেতৃত্বে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল ও রেজিস্ট্রার মো. এনামউজ্জামানসহ শিক্ষার্থী, শিক্ষক, অফিসার ও কর্মচারীদের একটি প্রভাতফেরি বিশ্ববিদ্যালয় অপরাজেয় বাংলার পাদদেশ থেকে শুরু হয়ে আজিমপুর কবরস্থানে গমন করে ভাষা শহীদদের কবরে পুষ্পস্তবক অর্পণ করে।



গত ১৬ ফেব্রুয়ারি ২০১৯ অমর একুশে গ্রন্থমেলায় বিশিষ্ট কবি পারভীন রেজা-এর "ডাকাতিয়া জল" শীর্ষক কাব্যগ্রন্থের মোড়ক উন্মোচন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মিজানুর রহমান। উল্লেখ্য, কবি পারভীন রেজা গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ ম রেজাউল করিম এমপি-এর সহধর্মিনী।



ঢাকা ইউনিভার্সিটি ল্যাবরেটরি (ইউল্যাব) স্কুল ও কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠান গত ১৪ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল ও কলেজ-এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ মিসেস সেলিনা বানু।

## অধ্যাপক আবদুল মতিন সরকারের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

বাংলাদেশ ইতিহাস পরিষদের সভাপতি এবং ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের প্রাচ্যকলা বিভাগের সাবেক অধ্যাপক আবদুল মতিন সরকার গত ১৩ ফেব্রুয়ারি ২০১৯ রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহি ............ রাজিউন)। তাঁর বয়স হয়েছিল ৭৬ বছর।

অধ্যাপক আবদুল মতিন সরকারের মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন। গত ১৪ ফেব্রুয়ারি ২০১৯ এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক আবদুল মতিন সরকার বিশ্ববিদ্যালয়ের একজন নিবেদিতপ্রাণ শিক্ষক ছিলেন। বাংলাদেশ ইতিহাস পরিষদের সভাপতি হিসেবে তিনি নিরলসভাবে ও অত্যন্ত নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেছেন। তাঁর কর্মকাণ্ডের মাধ্যমেই তিনি বিশ্ববিদ্যালয় পরিবারে স্মরণীয় হয়ে থাকবেন।

উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

অধ্যাপক আবদুল মতিন সরকারের জন্ম কুমিল্লা জেলায়। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই ছেলে, আত্মীয়স্বজনসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। গুলশানের আজাদ মসজিদে নামাজে জানাজা শেষে তাঁকে কুমিল্লায় গ্রামের বাড়িতে দাফন করা হয়।

## চলচ্চিত্র ব্যক্তিত্ব মুহম্মদ খসরুর মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

বাংলাদেশের সুস্থধারার চলচ্চিত্র আন্দোলনের অন্যতম পথিকৃৎ মুহম্মদ খসরু-এর মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ২০ ফেব্রুয়ারি ২০১৯ এক শোকবাণীতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, বাংলাদেশের চলচ্চিত্র আন্দোলনের একজন পুরোধা ব্যক্তিত্ব ছিলেন মুহম্মদ খসরু। তিনি বিগত প্রায় ৫০ বছরেরও বেশি সময় ধরে চলচ্চিত্রের সঙ্গে সম্পৃক্ত থেকে এই শিল্পের উন্নয়নে ব্যাপক অবদান রেখে গেছেন। আমাদের মহান মুক্তিযুদ্ধকে চলচ্চিত্রে রূপায়নে তিনি অন্যতম পথিকৃৎ ব্যক্তিত্ব হিসেবে চিরকাল দেশবাসীর কাছে স্মরণীয় হয়ে থাকবেন।

উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, মুহম্মদ খসরু গত ১৯ ফেব্রুয়ারি ২০১৯ চিকিৎসাধীন অবস্থায় রাজধানীর একটি হাসপাতালে মৃত্যুবরণ করেন।

## ১৬জন গবেষকের পিএইচ.ডি. এবং ২২জনের এম.ফিল. ডিগ্রি লাভ

(১ম পৃষ্ঠার পর) অধীনে আমিনুল ইসলাম, রসায়ন বিভাগের অধীনে এ.বি.এম. মাহফুজ উল আলম, উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধীনে জিনাত ইয়াছমীন, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধীনে নাজিয়া রিফাত জামান, মার্কেটিং বিভাগের অধীনে শমসাদ আহ্মেদ, ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের অধীনে মোস্তফা মাহমুদ হাসান, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধীনে মো. সাইদুল ইসলাম খান।

এম.ফিল. ডিগ্রী প্রাপ্তরা হলেন: বাংলা বিভাগের অধীনে নাদিয়া ইসরাত, ইতিহাস বিভাগের অধীনে শুভাশীষ মজুমদার, দর্শন বিভাগের অধীনে নাদিয়া কবির, আরবী বিভাগের অধীনে ফখরুল ইসলাম, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধীনে এস. এম. জাওয়াদুন নাহীন, ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের অধীনে মো. আব্দুস সালাম, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধীনে আনিতা হেলেন, বিশ্বধর্ম ও সংস্কৃতি বিভাগের অধীনে শাহ মোহাম্মদ জোনায়েদ, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধীনে মুহাম্মদ সাদ বিন শফিক, মারুফা মনি, সমাজবিজ্ঞান বিভাগের অধীনে মো. সাইফউদ্দীন দুরুদ, নৃবিজ্ঞান বিভাগের অধীনে মো. আশিক সরদার, উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধীনে উম্মে সাদিয়া, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধীনে বার্থোলোমিয়া কেয়া ব্যাপারী, চিকিৎসা মনোবিজ্ঞান বিভাগের অধীনে উম্মে সালমা আফরোজ, শামীমা আক্তার, ভূগোল ও পরিবেশ বিভাগের অধীনে কোর আয়েশা বেগম, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের অধীনে মাসুদ করিম, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের অধীনে নিগার সুলতানা, ম্যানেজমেন্ট বিভাগের অধীনে মো. ফেরদৌস হাসান, প্রাচ্যকলা বিভাগের অধীনে মোসা. মনিরা আক্তার এবং পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউটের অধীনে শায়লা সাবরিন।

## ঢাবি আন্তঃবিভাগ বাস্কেটবল প্রতিযোগিতায় আইবিএ চ্যাম্পিয়ন

ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ বাস্কেটবল প্রতিযোগিতায় (২০১৮-১৯) ব্যাবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ) চ্যাম্পিয়ন হয়েছে এবং রানার্স আপ হয়েছে ইসলামিক স্টাডিজ বিভাগ। এতে তৃতীয় ও চতুর্থ স্থান অর্জন করেছে যাথাক্রমে মার্কেটিং বিভাগ এবং ম্যানেজমেন্ট বিভাগ। প্রতিযোগিতা শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) এবং স্পোর্টস বোর্ডের সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ৮ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের জিমনেশিয়ামে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

এই প্রতিযোগিতায় ইসলামিক স্টাডিজ বিভাগের মাস্টার্স শ্রেণির ছাত্র মো. খালেদ মাহমুদ আকাশ বেস্ট স্কোরার এবং বেস্ট প্লেয়ারের পুরস্কার পেয়েছেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাস্কেটবল কমিটির সভাপতি ও পপুলেশন সায়েন্সেস বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ বিল্লাল হোসেন। এসময় শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. জিয়াউল হক মামুন, বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



ঢাবি আন্তঃবিভাগ বাস্কেটবল প্রতিযোগিতায় (২০১৮-১৯) ব্যাবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ) চ্যাম্পিয়ন হয়েছে এবং রানার্স আপ হয়েছে ইসলামিক স্টাডিজ বিভাগ। প্রতিযোগিতা শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) এবং স্পোর্টস বোর্ডের সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ৮ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের জিমনেশিয়ামে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।




ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদ অমর একুশে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৯ উদ্‌যাপন উপলক্ষে শিশু-কিশোরদের জন্য একটি চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করে। এই প্রতিযোগিতায় সারা দেশ থেকে অনেক শিশু-কিশোর অংশগ্রহন করে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ১৫ ফেব্রুয়ারি ২০১৯ চারুকলা অনুষদে আনুষ্ঠানিকভাবে পুরস্কারপ্রাপ্তদের মাঝে পুরস্কার বিতরণ করেন । এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন এবং বিশিষ্ট শিশু সাহিত্যিক ও ছড়াকার আনজীর লিটন।

## ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের পুনর্মিলনী



ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রাক্তন ছাত্র সমিতির ৩১তম পুনর্মিলনী গত ১৫ ফেব্রুয়ারি ২০১৯ ছাত্র শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রাক্তন ছাত্র সমিতির সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ ইব্রাহিমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আতাউর রহমান মিয়াজী, ঢাবি অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি এ কে আজাদ, প্রতীক গ্রুপের চেয়ারম্যান এস এম ফারুকী হাসান (সিআইপি) এবং বিসিআই-এর সভাপতি আনোয়ারুল আলম চৌধুরী পারভেজ। স্বাগত বক্তব্য দেন সমিতির সাধারন সম্পাদক মিসেস শবনম শেহনাজ চৌধুরী ও শুভেচ্ছা বক্তব্য দেন পুনর্মিলনী প্রস্তুতি কমিটির আহবায়ক অধ্যাপক ড. ছিদ্দিকুর রহমান খান। এছাড়াও বিভাগীয় জ্যেষ্ঠ অধ্যাপক ড. হাবিবা খাতুন, প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী, ঢাবি অ্যালামনাই এসোসিয়েশনের মহাসচিব রঞ্জন কর্মকারসহ বিপুল সংখ্যক প্রাক্তন শিক্ষার্থী ও তাদের পরিবার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালন করেন বিভাগীয় সহযোগী অধ্যাপক মাহমুদুর রহমান।

বিভাগীয় প্রাক্তন শিক্ষার্থী বীর মুক্তিযোদ্ধা এ কে এম রফিকুল হক বীর প্রতীককে অনুষ্ঠানে স্বর্ণপদক প্রদানের মাধ্যমে সম্মাননা জানানো হয়। এ কে এম রফিকুল হক বীর প্রতীকের জীবনালেখ্য পাঠ করেন সহযোগী অধ্যাপক ড. এ কে এম খাদেমুল হক। এছাড়া, প্রাক্তন শিক্ষার্থীদের মেধাবী সন্তান ও বিভাগীয় শিক্ষক-শিক্ষার্থীদেরকেও পুরস্কার প্রদান করা হয়। এর আগে পুনর্মিলনী উপলক্ষে প্রকাশিত বিভাগীয় সহযোগী অধ্যাপক ড. এটিএম সামছুজ্জোহা সম্পাদিত 'অরণি-১৭' শীর্ষক সুভ্যেনির-এর মোড়ক উন্মোচন করেন অতিথিবৃন্দ।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রাক্তন ছাত্র সমিতির প্রতিষ্ঠাতা মরহুম অধ্যাপক ড. সিরাজুল ইসলামের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন, বিভাগের একজন প্রাক্তন শিক্ষার্থীকে মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য সম্মানিত করতে পেরে আমরা সবাই গৌরবান্বিত।

## পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট-এর নবীন বরণ ও বিদায় সংবর্ধনা



ঢাকা বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের (আইএসআরটি) ২৫তম ব্যাচের নবীন বরণ ও ২০তম ব্যাচের বিদায় সংবর্ধনা গত ২৪ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মো. ইশরাত রায়হানের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে আরও বক্তব্য রাখেন ইনস্টিটিউটের সংখ্যাতিরিক্ত অধ্যাপক ড. পিকে মো. মতিউর রহমান এবং অধ্যাপক ড. এম সেকান্দার হায়াত খান। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ইনস্টিটিউটের শিক্ষার্থীদের অংশগ্রহনে পরিবেশিত হয় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ নবীন ও বিদায়ী শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, সরকারের বিভিন্ন খাতে পরিসংখ্যানের শিক্ষার্থীদের প্রয়োজনীয়তা ও কাজের সুযোগ রয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীরা জ্ঞান অর্জন করতে আসে এবং শিক্ষাজীবন শেষে সেই জ্ঞানকে তারা কর্মজীবনের বিভিন্ন ক্ষেত্রে প্রয়োগ করে। রক্তের বিনিময়ে ও সম্ভ্রম দিয়ে আমরা স্বাধীনতা অর্জন করেছি, তাই দেশের প্রতি আমাদের অনেক দ্বায়িত্ব আছে। তিনি মহান ব্যক্তিদের জীবনাদর্শ অনুসরণ করে দেশ ও জাতির উন্নয়নে কাজ করার জন্য শিক্ষার্থীদের প্রতি আহবান জানান।

# উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

## ইউ পি এম বিজ্ঞানী

ইউনিভার্সিটি পুত্র মালয়েশিয়া (ইউ পি এম)-এর বিজ্ঞানী ড. শান্ত ব্যানার্জি গত ১১ ফেব্রুয়ারি ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মো. কামরুল হাসান, সহযোগী অধ্যাপক গোলাম দস্তগীর আল-কাদেরী ও সহকারী অধ্যাপক ড. সৈয়দ হাসিবুল হাসান চৌধুরী উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইউনিভার্সিটি পুত্র মালয়েশিয়ার (ইউ পি এম) মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থবিজ্ঞান বিভাগ আয়োজিত জাতীয় সম্মেলনে অংশগ্রহণের জন্য ইউ পি এম বিজ্ঞানী শান্ত ব্যানার্জি বাংলাদেশ সফর করেন।

## দক্ষিণ কোরিয়ার প্রতিনিধিদল

দক্ষিণ কোরিয়ার পরিবেশ বিষয়ক সংগঠন "নেচার প্লাস"-এর ১১-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১৪ ফেব্রুয়ারি ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের সদস্যরা হলেন- জাং জাহি, লি স্যাংহিয়ন, এ এইচ এন এহিয়ং, কিম সেহি, কিম ইউজিন, ক্যাং সু জাং, জো ইয়ং হুন, লি ডেরি অং, ক্যাং জিয়ন, সিও মিকিয়াং এবং কিম ইউন।

সাক্ষাৎকালে তারা বৈশ্বিক উষ্ণতা ও জলবায়ু পরিবর্তনসহ পরিবেশ বিষয়ক নানা ইস্যু নিয়ে আলোচনা করেন। প্রতিনিধি দলের সদস্যরা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের সঙ্গে যৌথভাবে কাজ করার আগ্রহ প্রকাশ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং পরিবেশগত কার্যক্রমের প্রতি আগ্রহ প্রকাশের জন্য উপাচার্য অতিথিদের ধন্যবাদ জানান।

এরআগে, দক্ষিণ কোরিয়ার প্রতিনিধি দলটি প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদের সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করে।

## ইউএনএফপিএ প্রতিনিধিদল

ইউএনএফপিএ'র আন্তর্জাতিক ধাত্রীবিদ্যা বিশেষজ্ঞ রনডি এন্ডারসন এবং জেনিফার আর ষ্টিভেনস্ গত ১৮ ফেব্রুয়ারি ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় ইউএনএফপিএ'র সিনিয়র উপদেষ্টা ড. আবু জাফর মো. মুসা এবং প্রোগ্রাম এনালিষ্ট ফরিদা বেগম উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে বাংলাদেশে নিরাপদ মাতৃত্ব এবং এ সংক্রান্ত উচ্চশিক্ষা নিয়ে আলোচনা করেন। এছাড়া, তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় ও ইউএনএফপিএ'র মধ্যে মাস্টার্স ও পিএইচ. ডি সংক্রান্ত শিক্ষা ও গবেষণা কার্যক্রম গ্রহণের সম্ভাব্যতা নিয়েও মতবিনিময় করেন। ইউএনএফপিএ বিশেষভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পপুলেশন সায়েন্সেস বিভাগ, উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগ এবং স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের সাথে যৌথ শিক্ষা কার্যক্রম চালু করার ব্যপারে আগ্রহ প্রকাশ করেন এবং এ ব্যপারে উপাচার্যের সহযোগিতা কামনা করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ের পপুলেশন সায়েন্সেস বিভাগ, উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগ এবং স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের শিক্ষার্থীদের মাস্টার্স ও পিএইচ. ডি প্রোগ্রামে ইউএনএফপিএ সার্বিক সহযোগিতা প্রদানে আগ্রহ প্রকাশ করায় প্রতিনিধি দলকে ধন্যবাদ জানান। এ ব্যপারে উপাচার্য ইউএনএফপিএ-কে সার্বিক সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় ও ইউএনএফপিএ'র মধ্যে এ সংক্রান্ত একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের সম্ভাব্যতা নিয়েও ফলপ্রসু আলোচনা করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর সাথে যৌথ সহযোগিতামূলক শিক্ষা কার্যক্রম গ্রহণে আগ্রহ প্রকাশ করায় ইউএনফপিএ'র প্রতিনিধি দলকে আন্তরিক ধন্যবাদ জানান।

## যুক্তরাজ্যের প্রতিনিধিদল

যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব ওয়্যারউইক-এর প্রকল্প সমন্বয়কারী অধ্যাপক ড. জর্জিয়া ক্রেমাইদা'র নেতৃত্বে ৩-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১৮ ফেব্রুয়ারি ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের সদস্যরা হলেন অধ্যাপক জেটি মোট্রাম এবং ড. ভলকান দেগারমেন্সি। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ শোয়েব, অধ্যাপক ড. আফতাব আলী শেখ এবং অধ্যাপক ড. তাপস দেবনাথ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব ওয়্যারউইক-এর মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক ও শিক্ষার্থী বিনিময় নিয়েও মত বিনিময় করা হয়।

উল্লেখ্য, যুক্তরাজ্যের এই প্রতিনিধি দল 'Practice-dialogue in Bangladesh' শীর্ষক কর্মশালায় অংশ নিতে বাংলাদেশ সফর করে। ENHANCE (Enabling Humanitarian Attributes for Nurturing Community-based Engineering) প্রকল্পের উদ্যোগে এই কর্মশালার আয়োজন করা হয়।



ইউএনএফপিএ'র আন্তর্জাতিক ধাত্রীবিদ্যা বিশেষজ্ঞ রনডি এন্ডারসন এবং জেনিফার আর ষ্টিভেনস্ গত ১৮ ফেব্রুয়ারি ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।



ইউনিভার্সিটি পুত্র মালয়েশিয়া (ইউ পি এম)-এর বিজ্ঞানী ড. শান্ত ব্যানার্জি গত ১১ ফেব্রুয়ারি ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।



যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব ওয়্যারউইক-এর প্রকল্প সমন্বয়কারী অধ্যাপক ড. জর্জিয়া ক্রেমাইদা'র নেতৃত্বে ৩-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১৮ ফেব্রুয়ারি ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।



দক্ষিণ কোরিয়ার পরিবেশ বিষয়ক সংগঠন "নেচার প্লাস"-এর ১১-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১৪ ফেব্রুয়ারি ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

# সুমিতমো কর্পোরেশন বৃত্তি পেলেন ৪০ শিক্ষার্থী



বিভিন্ন শিক্ষাবর্ষে স্নাতক সম্মান শ্রেণীতে অধ্যয়নরত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪০জন মেধাবী শিক্ষার্থীকে জাপানের সুমিতমো কর্পোরেশন বৃত্তি প্রদান করা হয়েছে। গত ১৭ ফেব্রুয়ারি ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে কৃতী শিক্ষার্থীদের এই বৃত্তি প্রদান করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, সুমিতমো কর্পোরেশনের জেনারেল ম্যানেজার ইচিরো তাকাহাশি এবং ঢাকাস্থ জাপান দূতাবাসের প্রতিনিধি মাচিকো ইয়ামামুরা বক্তব্য রাখেন। বৃত্তিপ্রাপ্তদের নাম ঘোষণা করেন সুমিতমো কর্পোরেশনের উপদেষ্টা খন্দকার আলী এরশাদ। অনুষ্ঠান পরিচালনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয় পরিকল্পনা ও উন্নয়ন অফিসের ভারপ্রাপ্ত পরিচালক জীবন কুমার মিশ্র।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানান। তিনি বলেন, সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্যে শিক্ষার্থীদের দক্ষ মানব সম্পদ হিসেবে প্রস্তুত হতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করায় তিনি সুমিতমো কর্পোরেশনকে ধন্যবাদ জানান।

প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে অধ্যয়নরত বৃত্তি প্রাপ্তরা হলেন- জান্নাতুল ফেরদৌস (ফিন্যান্স), মো: রাসেল মিয়া (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস), মো: আসিফুল ইসলাম (একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস), সানজিদা ইসলাম (মার্কেটিং), কুমারী রত্না রানী (ইন্টারন্যাশনাল বিজনেস), খন্দকার তাকি মো: সাদি (মৃত্তিকা, পানি ও পরিবেশ), ইয়াসিফ আহমেদ (দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা), মো: আবুল কালাম আজাদ (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং), মীর মোহাম্মদ মহসীন কবির (নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং) এবং নওয়ারা মাহমুদ ব্রতী (রোবোটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং)।

দ্বিতীয় বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে অধ্যয়নরত বৃত্তি প্রাপ্তরা হলেন-মৌসুমি আকতার (গণিত), সুজাতা আমিন (আইন), শুভজিৎ হালদার (ফিন্যান্স), সুব্রত কুমার দাস (মার্কেটিং), মনিরুল ইসলাম ও মো: আরিফুল ইসলাম (ইন্টারন্যাশনাল বিজনেস), ইতি আকতার (লোক প্রশাসন), তন্ময় সাহা জয় (গণযোগাযোগ ও সাংবাদিকতা), রাজ কুমার হালদার (মৃত্তিকা, পানি ও পরিবেশ) এবং কাজী কামরুন নাহার অনন্যা (নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং)।

তৃতীয় বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে অধ্যয়নরত বৃত্তি প্রাপ্তরা হলেন- মো: মোহতাসির বিল্লাহ সিরাজ (পদার্থ বিজ্ঞান), মো: ইমন আরেফিন (ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স), তানভির আহমেদ (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস), কুতুব উদ্দিন খান (অর্থনীতি), ফারহানা ফিরোজ মীম (মৃত্তিকা, পানি ও পরিবেশ), মো: রাফিউল ইসলাম রাংগা (অনুজীব বিজ্ঞান), তাসনুমা তাবাসসুম অন্তরা (ফার্মেসী), মো: আলমগীর কবির (ফার্মেসী), ইউ মং শিং (ভূতত্ত্ব) এবং লাবিবুজ্জামান মুস্তাবিন (নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং)।

চতুর্থ বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে অধ্যয়নরত বৃত্তি প্রাপ্তরা হলেন- ফারিহা তাসনীম. (পদার্থ বিজ্ঞান), মিশু রানী মজুমদার (গণিত), প্রান্তিকা মুৎসুদ্দী (ম্যানেজমেন্ট), অমিত বড়ুয়া (একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস), অমল চন্দ্র মন্ডল (মার্কেটিং), মো. কামরুল হাসান (ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স), লিজাইনুল ইসলাম রিপন (ইন্টারন্যাশনাল বিজনেস), কাজী গোলাম তাসফিক (অর্থনীতি), জান্নাতুল রাফেয়া (অণুজীব বিজ্ঞান) এবং জারিফ হোসেন (জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি)।



আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রিকেট (ছাত্র) প্রতিযোগিতা ২০১৯-এ চ্যাম্পিয়ন হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং রানার্স আপ হয়েছে হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রিকেট কমিটির সভাপতি ও আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রিকেট (ছাত্র) প্রতিযোগিতা ২০১৯-এর সাংগঠনিক কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. হাসিবুর রশীদ ।



মহান একুশে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৯ উপলক্ষে গত ২৩ ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাষা শহীদ আবুল বরকত স্মৃতি জাদুঘর ও সংগ্রহশালা-এর উদ্যোগে শারীরিক ও মানসিকভাবে চ্যালেঞ্জড শিশু-কিশোরদের জন্য চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতা শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। কলা অনুষদের ডীন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন-এর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন যোগাযোগ বৈকল্য বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. হাকিম আরিফ। ছবিতে অতিথিবৃন্দের সাথে পুরস্কারপ্রাপ্তদের দেখা যাচ্ছে।




মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের উদ্যোগে গত ২১শে ফেব্রুয়ারি ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিভাগীয় চেয়ারপার্সন টুম্পা সমদ্দার।

# জাপানের এনইএফ বৃত্তি পেলেন ১০ মেধাবী শিক্ষার্থী



ঢাকা বিশ্ববিদ্যালয় জীব বিজ্ঞান অনুষদ এবং আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ১০জন মেধাবী শিক্ষার্থী জাপানের নাগাও ন্যাচারাল এনভায়রনমেন্ট ফাউন্ডেশন (এনইএফ) বৃত্তি লাভ করেছেন। গত ১৮ ফেব্রুয়ারি ২০১৯ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, এনইএফ বৃত্তি কমিটির ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি অধ্যাপক ড. মুহাম্মদ জাবেদ হোসেন এবং বিভিন্ন বিভাগের চেয়ারম্যান উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান পরিবেশ বিষয়ে জনসচেতনতা সৃষ্টির ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালনের জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, পরিবেশকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ক্ষেত্রে শিক্ষার্থীদের অনেক দায়িত্ব রয়েছে। পরিবেশ বান্ধব সমাজ গঠনের লক্ষ্যে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

এনইএফ বৃত্তিপ্রাপ্তরা হলেন- তানজিমা বিনতে শওকত, জয় প্রকাশ নাগ, প্রসেনজিৎ রায় (উদ্ভিদবিজ্ঞান), তুহিন আক্তার (প্রাণিবিদ্যা), অনিন্দিতা বিশ্বাস, সানজিদা আক্তার (মৎস্য বিজ্ঞান), লামিয়া তাবাসসুম (প্রাণ রসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান), জিনাত সুলতানা সুবর্ণা (অণুজীব বিজ্ঞান), তামান্না জাহান (সমুদ্র বিজ্ঞান) এবং রোমানা ইব্রাহীম (দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা)।

# ৬ শিক্ষার্থীর 'অধ্যাপক ডা. মো. দেলোয়ার হোসেন ট্রাস্ট' বৃত্তি লাভ



ঢাকা বিশ্ববিদ্যালয় কলা, সামাজিক বিজ্ঞান এবং ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদভুক্ত বিভাগসমূহে ১ম বর্ষে (সম্মান) অধ্যয়নরত অসচ্ছল ও মেধাবী ৪ জন শিক্ষার্থী 'অধ্যাপক ডা. মো. দেলোয়ার হোসেন ট্রাস্ট ফান্ড, গোপালগঞ্জ বৃত্তি-২০১৮' লাভ করেছেন। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ২০১৭ সালের বিএ (সম্মান) পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত ১জন ছাত্র ও ১জন ছাত্রীকে দেওয়া হয়েছে 'অধ্যাপক ডা. মো. দেলোয়ার হোসেন ও রায়হানা হোসেন বৃত্তি'। এছাড়া, ঢাকা মেডিকেল কলেজে ৩য় বর্ষে অধ্যয়নরত ২জন শিক্ষার্থী 'অধ্যাপক ডা. মো. দেলোয়ার হোসেন বৃত্তি' লাভ করেছেন। গত ১১ ফেব্রুয়ারি ২০১৯ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

বৃত্তিপ্রাপ্তরা হলেন যথাক্রমে- বিপ্লব বাড়ৈ (সংস্কৃত বিভাগ), মো. সফিউল্লাহ শেখ (তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ), সর্বাণী বিশ্বাস (ইংরেজি বিভাগ), উমাইয়া আক্তার তূর্ণা (উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগ), তৌহিদুল আলম রায়হান ও রৌনক ঝুমু (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ) এবং মো. শামীম শাহরিয়ার ও তিলোত্তমা দত্ত (এমবিবিএস ৩য় বর্ষ)।

বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে বৃত্তি প্রদান অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, ক্রিমিনোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. জিয়া রহমান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক মাহমুদুর রহমান এবং বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কিছু অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীকে বিভিন্ন ট্রাস্ট ফান্ডের মাধ্যমে আর্থিক সাহায্য-সহযোগিতা করতে পেরে আমরা আনন্দিত। হতাশা, বিষণ্ণতা ও যেকোন ধরণের প্রতিকূলতায় শিক্ষার্থীদের মেধা যেন কোনক্রমেই ম্লান না হয়, সে ব্যাপারে তারা সবসময় সচেতন থাকবে বলে উপাচার্য আশা প্রকাশ করেন।

# বর্ণাঢ্য আয়োজনে জগন্নাথ হলে সরস্বতী পূজা উদ্‌যাপিত

উৎসবমুখর পরিবেশে গত ১০ ফেব্রুয়ারি ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয় জগন্নাথ হলে সরস্বতী পূজা উদ্‌যাপিত হয়েছে। এর আগে গত ৯ ফেব্রুয়ারি ২০১৯ জগন্নাথ হলে প্রতিমা স্থাপন করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান পূজা মণ্ডপ পরিদর্শন এবং ভক্ত অনুরাগী শিক্ষক-শিক্ষার্থী ও দর্শনার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। এছাড়া, প্রো-ভাইস চ্যান্সেলর বিভিন্ন রাজনৈতিক ব্যক্তিত্ব, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের প্রাধ্যক্ষ এবং বিশ্ববিদ্যালয়ের বর্তমান ও সাবেক শিক্ষার্থীসহ বিভিন্ন স্তরের মানুষ জগন্নাথ হলে পূজা মণ্ডপ পরিদর্শনে আসেন।

প্রতি বছরের মতো বাণী অর্চনা, দেবীর চরণে পুষ্পার্ঘ্য অর্পণ, অঞ্জলি প্রদান, আরতি, প্রসাদ বিতরণ, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ নানা আয়োজনে সাজানো



(প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন বিভিন্ন সময় হলের পূজা মণ্ডপ পরিদর্শন করেন। এসময় জগন্নাথ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. অসীম সরকার উপস্থিত ছিলেন।

হয়েছিল এবারের পূজা উৎসব।

উল্লেখ্য, সরস্বতী পূজা উপলক্ষে গত ১১ ফেব্রুয়ারি ২০১৯ জগন্নাথ হলে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

# খাদ্য ও পুষ্টি বিষয়ে জনসচেতনতা সৃষ্টি করতে হবে- উপাচার্য




উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান খাদ্য ও পুষ্টি বিষয়ে জনসচেতনতা সৃষ্টির ক্ষেত্রে কার্যকর ভূমিকা পালনের জন্য পুষ্টিবিদদের প্রতি আহ্বান জানিয়েছেন। গত ৮ ফেব্রুয়ারি ২০১৯ মোজাফ্ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে নিউট্রিশন ক্লাব ইন বাংলাদেশ আয়োজিত দিনব্যাপী এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এই আহ্বান জানান।

নিউট্রিশন ক্লাব ইন বাংলাদেশ-এর চেয়ারম্যান ডা. সাখাওয়াত ইসলাম ভূঞার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় পুষ্টি সেবার উপ-পরিচালক ও প্রোগ্রাম ম্যানেজার ডা. এস এম মুস্তাফিজুর রহমান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। আলোচনায় অংশ নেন পুষ্টিবিদ আয়েশা সিদ্দিকা, এস এন শম্পা, সুস্মিতা খান ও দিল আফরোজ সাইদা। ধন্যবাদ জ্ঞাপন করেন সংগঠনের সাধারণ সম্পাদক কানিজ আফসানা। পুষ্টিবিদ ফাহমিদা হাশেম সুপ্তি অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দেশের পুষ্টি খাতের উন্নয়নে নতুন কর্মপন্থা নির্ধারণের ওপর গুরুত্বারোপ করে বলেন, এ খাতে কর্মসংস্থান সৃষ্টির জন্য পুষ্টিবিদদের উদ্যোক্তার ভূমিকা পালন করতে হবে। এক্ষেত্রে নিজেদের উদ্ভাবনী শক্তিকে কাজে লাগানোর জন্য তিনি পুষ্টিবিদদের প্রতি আহ্বান জানান। উপাচার্য বলেন, খাদ্যাভ্যাস পরিবর্তন এবং পুষ্টিকর খাবার গ্রহণের মাধ্যমে অনেক ধরনের রোগ প্রতিরোধ করা যায়। স্বাস্থ্য বিষয়ে জনসচেতনতা সৃষ্টির ক্ষেত্রে এই সেমিনার সহায়ক ভূমিকা পালন করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

# টেলিভিশন, ফিল্ম এন্ড ফটোগ্রাফি বিভাগের ৭ম প্রতিষ্ঠাবার্ষিকী এবং ২য় চলচ্চিত্র উৎসব

ঢাকা বিশ্ববিদ্যালয় টেলিভিশন, ফিল্ম এন্ড ফটোগ্রাফি বিভাগের দু'দিনব্যাপী ৭ম প্রতিষ্ঠাবার্ষিকী এবং ২য় চলচ্চিত্র উৎসবের উদ্বোধনী অনুষ্ঠান গত ২৩ জানুয়ারি ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বর্ণাঢ্য এই উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।



ঢাকা বিশ্ববিদ্যালয় টেলিভিশন, ফিল্ম এন্ড ফটোগ্রাফি বিভাগের চেয়ারপার্সন রিফফাত ফেরদৌসের সভাপতিত্বে অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিভাগের ৭ম প্রতিষ্ঠাবার্ষিকী উৎসব আয়োজনের জন্য বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যানকে ধন্যবাদ দেন এবং নবীন ও পুরনো শিক্ষার্থীদের শুভেচ্ছা জানান। বর্তমান প্রেক্ষাপটে বিভাগটির গুরুত্ব তুলে ধরে তিনি বলেন, এই বিভাগ ক্রমেই সম্প্রসারণ হচ্ছে।

অনুষ্ঠানে বিভাগের সম্মান শ্রেণির ৬ষ্ঠ ব্যাচের শিক্ষার্থীদের বরণ করে নেওয়া হয়। একইসাথে ৫ম ব্যাচের এমএসএস শিক্ষার্থীদের বিদায় জানানো হয়। এসময় বিভাগের বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

**সম্পাদক: মাহমুদ আলম, পরিচালক** (ভারপ্রাপ্ত), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫